খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

বিষয় ঃ কেডিএর নৈতিকতা কমিটির ২য় কোয়ার্টারের (অক্টোবর/১৮-ডিসেম্বর/১৮) মাসের সভার কার্যবিবরণী।
সভাপতি ঃ ব্রিগেডিয়ার জেনারেল এ,এস,এম মাহমুদ হাসান,এনডিসি,পিএসসি, পিইঞ্জ,চেয়ারম্যান, কেডিএ,খুলনা।
তারিখ ও সময় ঃ ২০ ডিসেম্বর/২০১৮ বৃহস্পতিবার, সকাল ১০.০০ টা।
স্থান ঃ সম্মেলন কক্ষ।

সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১। | সচিব<br>কেডিএ, খুলনা। | সদস্য |
| ২। | জনাব মুনতাসির মামুন<br>সহকারী প্রকৌশলী<br>কেডিএ, খুলনা। | সদস্য |
| ৩। | জনাব মোঃ মামুনুল আবেদীন<br>অডিট অফিসার<br>কেডিএ, খুলনা। | সদস্য-সচিব ও<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। মন্ত্রণালয়ে প্রেরিত কেডিএ'র ২০১৮-২০১৯ সনের শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষন কাঠামোর প্রতি দৃষ্টি আকর্ষন করে সভাপতি উক্ত কাঠামোর ক্রমানুসারে উক্ত অর্থ বছরের ২য় কোয়ার্টারের (অক্টোবর/১৮-ডিসেম্বর/১৮) কার্যক্রমের উপর আলোচনা করার জন্য সভাকে অনুরোধ করেন।

বিস্তারিত আলোচনার মাধ্যমে সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত সমূহ ধারাবাহিকভাবে নিম্নে উপস্থাপন করা হয়।

| সভার আলোচনার ক্র: নং | পরিবীক্ষণ কাঠামোর ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ১ | ১.১ | নৈতিকতা কমিটির সভা। | শুদ্ধাচার কাঠামো অনুযায়ী প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির ১ টি করে সভা অনুষ্ঠানের কার্যক্রম চলমান রাখা প্রসঙ্গে। | প্রতি কোয়ার্টারে এই সভা অনুষ্ঠান অব্যাহত রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | নৈতিকতা কমিটি |
| ২ | ২.১ | অংশীজনের অংশগ্রহণে সভা | কেডিএর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে ২য় কোয়ার্টার (অক্টোবর/১৮-ডিসেম্বর/১৮) অংশীজনের অংশগ্রহণে সভা করার লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। সে অনুযায়ী ডিসেম্বর/১৮ মাসের মধ্যে বিভিন্ন শাখায় বেশ কয়েকটি সভা অনুষ্ঠিত হয়েছে। | ডিসেম্বর/১৮ মাসে অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠান করা হয়েছে এবং ভবিষ্যতে লক্ষ্যমাত্রা অনুযায়ী সভা অনুষ্ঠান করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রত্যেক বিভাগ/শাখা প্রধান |
| ৩ | ২.৩ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মকর্তা/কর্মচারী দের প্রশিক্ষণ প্রদান | নাগরিক সেবা সহজীকরণের মাধ্যমে সেবা নিশ্চিত করার লক্ষ্য নিয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রনয়ন করা হয়েছে। উক্ত শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য কর্মকর্তা/ কর্মচারীদের সে সম্পর্কে সম্যক জ্ঞান থাকা প্রয়োজন। সে লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল এর বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | ডিসেম্বর/১৮ মাসে প্রশাসন ও সাধারণ শাখা উক্ত প্রশিক্ষনের আয়োজন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন ও সাধারণ শাখা এবং নৈতিকতা কমিটি |

| সভার আলোচনার ক্র: নং | পরিবীক্ষণ কাঠামোর ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| | | | করা আবশ্যক মর্মে সভার সকলে একমত পোষন করেন। | | |
| ৪ | ৪.৪ | তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্য সমূহ হালনাগাদ করণ | কেডিএর তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্য সমূহ হালনাগাদ করার জন্য ২য় কোয়ার্টার ১৭/১২/২০১৮ ইং তারিখ নির্ধারণ করা আছে মর্মে সভাকে অবহিত করা হয়। সে অনুযায়ী সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে /ব্যক্তিদেরকে উক্ত সংশ্লিষ্ট বিষয়ে যথাসময়ে হাল নাগাদের কাজ সম্পন্নের নিমিত্তে সভাপতি নির্দেশ দেন। | উক্ত সময়ের মধ্যে তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট ও সহকারী প্রোগ্রামার |
| ৫ | ৪.৫ | তথ্য অধিকার আইন,২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন,২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা,২০১৭) সম্পর্কে কর্মকর্তা/কর্মচারী দেরকে অবহিতকরণ। | তথ্য অধিকার আইন,২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন,২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা,২০১৭) সম্পর্কে কর্মকর্তা/কর্মচারী দেরকে অবহিত করা আবশ্যক মর্মে সভায় উপস্থিত সকলে একমত পোষন করেন। | সংশ্লিষ্ট আইন বিধিমালা সম্পর্কে কর্মকর্তা/ কর্মচারীদের অবহিত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট ও প্রশাসন ও সাধারণ শাখা |
| ৬ | ৫.২ | ভিডিও/অনলাইন/ টেলি- কনফারেন্স আয়োজন (স্কাইপ/ মাসেঞ্জার, ভাইবার ব্যবহারসহ) | খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের কোন ইউনিট অফিস নাই। একই অফিস থেকে যাবতীয় কার্যাদি সম্পন্ন করা হয়ে থাকে। এক্ষেত্রে ইউনিট অফিস না থাকায় অনলাইন/ ভিডিও/ টেলিকনফারেন্স এর প্রয়োজন পড়েনা মর্মে সভার সকলে একমত পোষন করেন। | বিস্তারিত আলোচনার পর খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের কোন ইউনিট অফিস না থাকায় অনলাইন /ভিডিও /টেলিকনফারেন্স প্রয়োজন নাই। তবে প্রয়োজনে এ বিষয়ে পদক্ষেপ নিতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগামার |
| ৭ | ৮.৬ | বিদ্যুৎ,পানি ও জ্বালানীর (তেল/ গ্যাস) এর সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ। | বিদ্যুৎ ও জ্বালানীর ব্যবহার বর্তমান জীবন ব্যবস্থার সাথে অঙ্গাঙ্গীভাবে জড়িত। এর সর্বোত্তম ব্যবহার যেমন দৈনন্দিন কর্মকান্ডকে সুন্দর সাবলিল করে তেমনই এর ব্যবহারে মিতব্যয়িতাও ব্যয় সাশ্রয়ে সহায়ক হয়। তাই এর সাশ্রয় ও সর্বোত্তম ব্যবহারের ক্ষেত্রে সকলকে সতর্ক হতে হবে। তাছাড়া বিদ্যুৎ ব্যবহারের স্থানগুলোতে বিদ্যুৎ সাশ্রয়ী বাক্য সম্বলিত ষ্টিকার স্থাপন করতে হবে | বিস্তারিত আলোচনার পর বিদ্যুৎ, পানি ও জ্বালানী ব্যবহারের ক্ষেত্রে সকলকে সতর্ক হতে হবে, সরকারী নির্দেশনা মোতাবেক জ্বালানী সাশ্রয়ের জন্য গাড়ীর ব্যবহার সীমিত করতে হবে, বিদ্যুৎ ব্যবহারের স্থানগুলোতে বিদ্যুৎ সাশ্রয়ী বাক্য | সচিব, সিনিয়র বৈষয়িক অফিসার, নির্বাহী প্রকৌশলী (র:বে:) ও নির্বাহী প্রকৌশলী (পূর্ত) |

| সভার আলোচনার ক্র: নং | পরিবীক্ষণ কাঠামোর ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| | | | মর্মে সকলে একমত পোষন করেন। সভায় আরো জানানো হয় যে ইতোমধ্যে জ্বালানী সাশ্রয়ের প্রতি লক্ষ্য রেখে গাড়ীর কেপিএল পরীক্ষা করা হয়েছে। | সম্বলিত ষ্টিকার স্থাপন করতে হবে। তাছাড়া বিদ্যমান যন্ত্রপাতী ও সরঞ্জামাদি পরীক্ষা করে দেখতে হবে সেগুলি জ্বালানী সাশ্রয়মূলক কিনা। যদি না থাকে তবে প্রয়োজনে জ্বালানী সাশ্রয়মূলক যন্ত্রপাতী সরঞ্জামাদি ক্রয় করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

৮। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য প্রত্যেক শাখায় একজন দায়িত্বশীল প্রতিনিধি মনোনীত করতে হবে মর্মে সভাপতি মহোদয় নির্দেশ দান করেন।

৯। তাছাড়া সভাপতি মহোদয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বর্তমান কোয়ার্টারের (অক্টোবর/১৮-ডিসেম্বর/১৮) বাস্তবায়ন অগ্রগতি কার্যক্রমের ক্রমিক নং ৪.৬, ৭.১, ৭.২, ৭.৩, ৭.৪,৭.৬,৮.১,৮.৫ও ১০.১ তে বর্ণিত বিষয়গুলিও যাতে যথাসময়ে বাস্তবায়িত হয় তার প্রয়োজনীয় কার্যক্রমের বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষন করেন। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

২০/১২/১৮

ব্রিগেঃ জেনাঃ এ,এস,এম মাহমুদ হাসান
এনডিসি,পিএসসি,পিইঞ্জ

চেয়ারম্যান
কেডিএ, খুলনা
ও
সভাপতি
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।

-৫৮।

স্মারক নম্বর- ২৫.৪১.০০০০.০০৭.০৬.১৪.১৮- ১৮৪৭৩

তারিখ: ২৩ পৌষ' ১৪২৫ বঙ্গাব্দ
০৭ জানুয়ারী' ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

০১। সচিব, কেডিএ, খুলনা।
০২। প্রধান প্রকৌশলী, কেডিএ, খুলনা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কেডিএ, খুলনা।
০৪। অথরাইজড অফিসার, কেডিএ, খুলনা।
০৫। পরিকল্পনা অফিসার, কেডিএ, খুলনা।
০৬। সিনিয়র বৈষয়িক অফিসার, কেডিএ, খুলনা।
০৭। অর্থ ও হিসাব রক্ষণ অফিসার, কেডিএ, খুলনা।
০৮। নির্বাহী প্রকৌশলী (প্রকল্প), কেডিএ, খুলনা।
০৯। নির্বাহী প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ), কেডিএ, খুলনা।
১০। নির্বাহী প্রকৌশলী (পূর্ত), কেডিএ, খুলনা।
১১। অডিট অফিসার, কেডিএ, খুলনা।
১২। সহকারী সচিব, কেডিএ, খুলনা।
১৩। জনাব মুনতাসির মামুন, সহকারী প্রকৌশলী, কেডিএ, খুলনা।
১৪। সহকারী প্রোগ্রামার, কেডিএ, খুলনা।
১৫। একান্ত সচিব, চেয়ারম্যান, কেডিএ, খুলনা (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)।

২০/১২/১৮

(মোঃ মামুনুল আবেদীন)
অডিট অফিসার
কেডিএ, খুলনা
এবং
সদস্য-সচিব ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।

০/c